# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

টেলিফোনঃ কার্যালয়ঃ ০৬৩১-৬৩৪৭৯
বাসাঃ ০৬৩১-৬৩৪৭৮
ই-মেইলঃ
xen.faridpur@bwdb.gov.bd
xen.faridpur@gmail.com

www.bwdb.gov.bd

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
পরিচালন ও রক্ষণাবেক্ষণ বিভাগ
বাপাউবো, ফরিদপুর।

স্মারক নং-ই-১২/ তারিখঃ

**"সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্যক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফরিদপুর পওর বিভাগ, বাপাউবো, ফরিদপুর দপ্তর কর্তৃক **বাঁধ মেরামত/রিসেকশনিং, খাল খনন/পুনঃখনন, কলোনী মেরামত (হাইড্রোলিক স্ট্রাকচার মেরামত ব্যতীত)** ইত্যাদি কাজ ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ০৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য-ক্রয় ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি/নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪, তারিখঃ ২০-০৭-২০২০খ্রিঃ এর নির্দেশনা অনুযায়ী প্রতিসেট নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০/-(পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরৎ যোগ্য) উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, ফরিদপুর এর অনুকূলে ইস্যু করতঃ অত্র দপ্তরের হিসাব শাখা হতে সংগ্রহ করা যাবে এবং আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ৩১-০৮-২০২২খ্রিঃ, বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরের হিসাব শাখায় জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির আবেদনের তফসিলঃ-**

| ক্রমিক নং | তালিকাভূক্তির ধরণ | আবেদন পত্র গ্রহণ ও দাখিলের সময়সীমা |
|---|---|---|
| ০১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য) | ৩১-০৮-২০২২খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত)। |
| ০২ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (পণ্য সরবরাহ) | |

**তালিকাভূক্তির (কার্য-ক্রয় ও পণ্য) প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ-**

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ০১। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ০২। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট ০৩। ২০ লক্ষ টাকার স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট/বিবরণী ০৪। জাতীয় পরিচয়পত্র ০৫। পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি ০৬। প্রতিষ্ঠানের যন্ত্রপাতির তালিকা ০৭। প্রতিষ্ঠানের জনবলের তালিকা ০৮। ঠিকাদার/প্রতিষ্ঠানের মালিকের ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামা ০৯। ঠিকাদার/প্রতিষ্ঠানের এ্যাফিডেভিট এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| আবেদন ফি | আবেদন ফি ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরৎ যোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, ফরিদপুর এর অনুকূলে। |
| তালিকাভূক্তি নিবন্ধন ফি | নিবন্ধন ফি ৫০০০/- (পাঁচ হাজার) ও সরকার নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকার (অফেরত যোগ্য) পৃথক দুটি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, ফরিদপুর এর অনুকূলে। |

**ঠিকাদার তালিকাভূক্তি (কার্য-ক্রয়) নবায়নের তফসিলঃ-**

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ০১। নির্ধারিত আবেদনপত্র ০২। বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ০৩। ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট |
| নবায়ন ফি | নবায়ন ফি ২০০০/- (দুই হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০/- (তিনশত) টাকার পৃথক দুটি (অফেরত যোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, ফরিদপুর এর অনুকূলে। |
| আবেদনের সময়সীমা | ৩১-০৮-২০২২খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত)। |

উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতাবান।

স্বাঃ
(পার্থ প্রতিম সাহা)
নির্বাহী প্রকৌশলী
ফরিদপুর পওর বিভাগ
বাপাউবো, ফরিদপুর।
পরিচিত নং-৮৩০১০১০০২

স্মারক নং-ই-১২/ ৬০৪৭/১(১৭) তারিখঃ ২৬.০৬.2022

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্য্যার্থেঃ-

১। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর পওর সার্কেল, বাপাউবো, ফরিদপুর।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, লেভেল-৬, পানি ভবন, ৭২ গ্রীণ রোড, ঢাকা।

৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, লেভেল-৯, পানি ভবন, ঢাকা। বিজ্ঞপ্তিটি জাতীয় পর্যায়ে বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজি পত্রিকায় এবং ফরিদপুর জেলার প্রকাশিত স্থানীয় একটি পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৫। সচিব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা

৬। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীণ রোড, ঢাকা।

৭। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ বিভাগ/গণপূর্ত বিভাগ, ফরিদপুর।

৮। সিষ্টেম এনালিষ্ট, সেন্ট্রাল আইসিটি সেল, প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের সবিনয়ে অনুরোধসহ।

৯। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, (র‌্যাক) বাপাউবো, ফরিদপুর।

১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, ফরিদপুর/ভাঙ্গা/বোয়ালমারী পওর উপ-বিভাগ, বাপাউবো, ফরিদপুর।

১১। সহকারী হিসাব রক্ষক/উচ্চমান সহকারী/প্রাক্কলনিক অত্র দপ্তর।

১২। অফিস কপি/নথির কপি।

২৬/০৬/২২

নির্বাহী প্রকৌশলী
ফরিদপুর পওর বিভাগ
বাপাউবো, ফরিদপুর।

২৬.০৬.2022

E:\Office-2021-22 (A.Latif)\E-12.doc